

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারকনং- ৩৪.০১.০০০০.০০৬.০২.৬৯৮.১৬- ৮৮৯


২১ পৌষ, ১৪২৩
তারিখ : -----
৪ জানুয়ারি, ২০১৭

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA)-এর ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।

২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) এর আওতায় ১ম ত্রৈমাসিক অগ্রগতির মূল্যায়ন সভা গত ২২ নভেম্বর, ২০১৬ তারিখ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যেসব জেলা হতে ১ম ত্রৈমাসিক রিপোর্ট (জুলাই, ২০১৬- সেপ্টেম্বর, ২০১৬) যথাসময়ে প্রেরিত হয়নি সংশ্লিষ্ট উপ-পরিচালকগণকে সতর্কপূর্বক যত্নবান হবার পরামর্শ দেয়া হয়েছিল। এতদ্ব্যতীত, বিভিন্ন জেলা হতে প্রাপ্ত কিছু রিপোর্টে অসংগতি পরিলক্ষিত হয়েছিল। এ ক্ষেত্রে নির্ধারিত ছক মতে রিপোর্ট প্রণয়নে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে।

- ক) চুক্তিপত্রে কার্যক্রমভিত্তিক লক্ষ্যমাত্রা যা উল্লিখিত আছে; রিপোর্টের লক্ষ্যমাত্রাও বছরব্যাপি তাই থাকবে, কার্যক্রমভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে রিপোর্টে সূচকের কোন ভগ্নাংশ(fraction) উল্লেখ করা যাবে না;
- খ) ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত অর্জন এর কলামে জুলাই' ১৬ হতে ডিসেম্বর' ১৬ পর্যন্ত কার্যক্রমভিত্তিক অর্জন উল্লেখ করতে হবে।
- গ) প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে ডিসেম্বর' ১৬ পর্যন্ত অর্জনের শতকরা হার মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

০২। এমতাবস্থায়, আগামী ১৫ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আশা করা যায়, এখন হতে নির্ভুল প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা সম্ভব হবে।


(মোঃ আখতার আলী সরকার)
পরিচালক(প্রশিক্ষণ)

ও
পরিচালক(বাস্তবায়ন)(অঃ দাঃ)
ফোন নং-০২-৯৫৬০৭৬১
E-mail:dydimyouth@gmail.com.

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,------(সকল) জেলা।

অনুলিপি :

- ০১। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। অফিস কপি।

E/etc-page-83

২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)- এর অগ্রগতির ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মূল্যায়ন প্রতিবেদন :

" ছক "

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	লক্ষ্যমাত্রা	ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত অর্জন	মন্তব্য
দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুবসমাজ গঠন	* ১.১ ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি	ক) প্রশিক্ষণ----- জন খ) অস্থায়ী কর্মসংস্থান-----জন		
	১.২. প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা	----- জন		
	১.৩. গ্রামীণ যুবদের জন্য অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা	----- জন		
	১.৪. সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	-----টি		
	১.৫. প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান	ক) ----- জন খ) ----- টাকা		
	১.৬. জাতীয় যুবপুরস্কার প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	-----টি		
	১.৭ জনসচেতনতামূলক অনুষ্ঠান	-----টি		

* যেসব জেলা ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অন্তর্ভুক্ত সেসব জেলার জন্য ১.১ প্রযোজ্য হবে।

08.02.2017
মোঃ আতিকুর রহমান
উপ-পরিচালক